

HWDSB

প্রিয় পরিবারগণ,

হ্যামিল্টন-ওয়েন্টওয়ার্থ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (এইচডাবলিউডিএসবি - HWDSB)-এ আমাদের সর্ববৃহৎ অগ্রাধিকারসমূহের একটি হচ্ছে নিশ্চিত করা যে সকল শিক্ষার্থী প্রতি দিন স্কুলে নিরাপদে পৌঁছেছে।

অনুপস্থিতির জন্য আমাদের কর্মপ্রণালীসমূহ জোরদার করতে আমরা শিক্ষার্থীদের অনুপস্থিতির বিবরণী সম্পর্কিত ব্যবস্থা, **সেইফঅ্যারাইভ্যাল (SafeArrival)** স্থাপন করবো যা আপনাদের জন্য অনুপস্থিতি সম্পর্কে অবহিত করা অনেক সহজ করে দেবে। এটি স্কুলের কর্মীদের দ্রুত এবং পুঙ্খানুপুঙ্খভাবে সকল অব্যাত্যাকৃত অনুপস্থিতি সম্পর্কে সাড়া দিতেও সাহায্য করবে। আমাদের লক্ষ্য হচ্ছে প্রতিদিন সকল অনুপস্থিতির ব্যাখ্যা পাওয়া এবং সকল শিক্ষার্থীকে গণনা করা অব্যাহত রাখা, এবং তার মাধ্যমে জানা যে তারা সকলে নিরাপদ আছে।

সেইফঅ্যারাইভ্যাল দিয়ে পরিবারসমূহ তিনটির একটি পদ্ধতিতে শিশুর অনুপস্থিতি অবহিত করতে পারেন:

1. SafeArrival ওয়েবসাইট, go.schoolmessenger.ca ব্যবহার করুন। আপনি যখন প্রথমবার ওয়েবসাইটটি ব্যবহার করবেন তখন একাউন্ট বানানোর জন্য **সাইন আপ (Sign Up)** নির্বাচন করুন। **অ্যাটেনডেন্স (Attendance)** নির্বাচন করুন তারপর **রিপোর্ট অ্যান অ্যাবসেন্স (Report an Absence)** নির্বাচন করুন।
2. আপনার মোবাইল ডিভাইস ব্যবহার করে অ্যাপেল অ্যাপ স্টোর বা গুগল প্লে স্টোর (বা go.schoolmessenger.ca-এ লিংকসমূহ) থেকে **স্কুলমেসেঞ্জার (SchoolMessenger)** অ্যাপটি ডাউনলোড করে ইনস্টল করুন। আপনি যখন প্রথমবার ওয়েবসাইটটি ব্যবহার করবেন তখন একাউন্ট বানানোর জন্য **সাইন আপ** নির্বাচন করুন। **অ্যাটেনডেন্স** নির্বাচন করুন তারপর **রিপোর্ট অ্যান অ্যাবসেন্স** নির্বাচন করুন।
3. স্বয়ংক্রিয় টেলিফোন ব্যবস্থাটি ব্যবহার করে অনুপস্থিতি সম্পর্কে অবহিত করতে শুধুমাত্র 844-506-4350 নম্বরে টেলিফোন করুন।

এই পদ্ধতিসমূহ 24 ঘন্টা/প্রতিদিন, সপ্তাহে সাত দিন সহজলভ্য। আপনি ভবিষ্যতের অনুপস্থিতি যেকোনো সময় অবহিত করতে পারেন।

উপরন্তু, যে সকল পিতা-মাতার শিশু অনুপস্থিত এবং অনুপস্থিতির ব্যাপারটি যখন পূর্বে অবহিত করা হয়নি, আমরা তাদের সাথে যোগাযোগ করতে স্বয়ংক্রিয় বিজ্ঞপ্তি ব্যবস্থা, **স্কুলমেসেঞ্জার কমিউনিকেট (SchoolMessenger Communicate)** ব্যবহার করবো। যতক্ষণ পর্যন্ত না পিতা-মাতাগণ অনুপস্থিতি নিশ্চিত করবেন এবং ব্যাখ্যা প্রদান করবেন, স্বয়ংক্রিয় বিজ্ঞপ্তি ব্যবস্থাটি পিতা-মাতাদের সাথে একাধিকবার যোগাযোগ

HWDSB

করতে চেষ্টা করবে। এই ব্যবস্থাটি যদি মনোনীত যোগাযোগকারী ব্যক্তিদের সাথে যোগাযোগ করতে না পারে, কার্যালয়ের কর্মীগণ পরবর্তীতে যোগাযোগ করবেন।

আপনি যদি **সেইফঅ্যারাইভ্যাল** শুল্কমুক্ত নম্বর, ওয়েবসাইট বা মোবাইল অ্যাপ ব্যবহার করে আপনার শিশুর অনুপস্থিতি সম্পর্কে পূর্বেই অবহিত করেন, আপনি এইসকল বিজ্ঞপ্তিসমূহ পাবেন না।

23 এপ্রিল, 2019 তারিখ থেকে শুরু করে স্কুলকে চিরকুট পাঠানো বা টেলিফোন/ইমেইল করার পরিবর্তে অনুগ্রহ করে **সেইফঅ্যারাইভ্যাল** ব্যবহার করে পূর্বেই অনুপস্থিতি সম্পর্কে অবহিত করুন। এই তারিখ থেকে কর্মীগণ **সেইফঅ্যারাইভ্যাল**-এর বিজ্ঞপ্তিসমূহ ব্যবহার করে আপনার শিক্ষার্থী অনুপস্থিত কিনা তা আপনাকে জানিয়ে দেবেন (যে ক্ষেত্রে আপনি অনুপস্থিতি সম্পর্কে পূর্বে অবহিত করেননি)।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার স্কুলের কার্যালয় বা প্রিন্সিপ্যালের সাথে কথা বলুন। bit.ly/safearrivalHWDSB এবং আপনার স্কুলের ওয়েবসাইটে সেইফঅ্যারাইভ্যাল সম্বন্ধে আরো তথ্যপূর্ণ-সম্পদ খুঁজে বের করুন।

আমরা এই নতুন ব্যবস্থাটি বাস্তবায়ন করার সময় আপনার ধৈর্য্য এবং সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।